

আর্থিক সাহায্যের আবেদনপত্র, আর্থিক সাহায্য নীতি, সাধারণ ভাষা সারসংক্ষেপ, এবং বিলিং ও সংগ্রহ নীতির একটি প্রতিলিপি বিনামূল্যে ইংরেজি, স্প্যানিশ, এবং অন্য ভাষায় পাওয়া যায়, যেগুলি আর্থিক সাহায্য নীতি-তে বর্ণিত নির্ণায়ক পূরণ করে:

- হাসপাতালের ভর্তি/ নিবন্ধন বিভাগে যোগাযোগ করে
- 281.312.4012 বা 281.312.4000 নম্বরে কল করে, বিকল্প 5
- ডাকের মাধ্যমে একটি আবেদনের অনুরোধ করা:
Attn: Financial Assistance
300 Kingwood Medical Drive
Kingwood, TX 77339
- Memorial Hermann Surgical Hospital Kingwood ওয়েবসাইট থেকে একটি আবেদন ডাউনলোড করে:
<http://www.memorialhermannkingwood.com/financial-assistance-program/>

Memorial Hermann Surgical Hospital Kingwood

Medicaid, Medicare বা অন্য কর্মসূচীগুলির আর্থিক সাহায্যের জন্য আপনি যোগ্য কিনা দেখার জন্য, আর আবেদন করতে বিনামূল্যে গোপন সাহায্যের জন্য যোগাযোগ করুন:

Patient Business Services

Attention: Financial Assistance
300 Kingwood Medical Drive
Kingwood, TX 77339

ফোন: 281.312.4012 বা
281.312.4000, বিকল্প 5

শুক্রবার: সকাল 8টা - বিকেল 5টা
সোমবার – বৃহস্পতিবার: সকাল 8টা - সন্ধ্যা 7টা

সংস্করণ তারিখ: 1 অক্টোবর 2018

রোগীর আর্থিক সাহায্যের সারাংশ

সাধারণ ভাষা সারসংক্ষেপ



মুখ্য প্রশ্নগুলির উত্তর দেওয়া হয়েছে:

- কী কী পরিষেবা পাওয়া যায়?
- সাহায্যের জন্য আমি কীভাবে আবেদন করব?
- সাহায্যের জন্য কে যোগ্য হয়?
- আয়ের সীমাগুলি কী?
- আমি আয়ের সীমা পূরণ না করলে কী হবে?
- আবেদন করার জন্য আমি কোথায় আবেদনপত্র পাব?

আর্থিক সাহায্য নীতি (FAP)

Memorial Hermann Surgical Hospital Kingwood যোগ্য রোগীদের আর্থিক সাহায্য দেয় আয়, পরিবারের সদস্য সংখ্যা এবং ফেডেরাল দারিদ্র স্তরের ভিত্তিতে আংশিক বা পূর্ণ মূল্যছাড় দেওয়া আপৎকালীন বা চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় হাসপাতাল পরিচর্যার জন্য। যে রোগীরা আর্থিক সাহায্য পেতে চান তাদের অবশ্যই কর্মসূচীর জন্য আবেদন করতে হবে, এই দলিলে যার সারাংশ আছে।

কোন পরিশেবাগুলি সুবক্ষিত?

Memorial Hermann Surgical Hospital Kingwood-এ প্রদত্ত প্রয়োজনীয় আপৎকালীন এবং ঔষধীয় পরিশেবা, আর্থিক সাহায্য নীতি (FAP)-র আওতায় আছে।

আর্থিক সাহায্য নীতির আওতায় নিম্নলিখিত নেই: কসমেটিক শল্যচিকিৎসা, চিকিৎসক এবং অন্য প্রদানকারীদের প্রদত্ত পরিশেবা যারা Memorial Hermann Surgical Hospital Kingwood-তে আপনার চিকিৎসা করেন কিন্তু হাসপাতালের দ্বারা নিয়োজিত নয়, অথবা যে প্রদানকারীরা তাদের পরিশেবার জন্য হাসপাতাল থেকে আলাদা বিল দেন।

কীভাবে আবেদন করবেন

আর্থিক সাহায্য নীতি এবং আবেদন সশরীরে, ডাকের মাধ্যমে, টেলিফোনের মাধ্যমে আর Memorial Hermann Surgical Hospital Kingwood ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যেতে পারে। আবেদন সম্পন্ন করে, অনুরোধ করা দলিলপত্র সংলগ্ন করে হাসপাতালের ভর্তি/নিবন্ধন বিভাগে বা এই পুস্তিকার পিছনে তালিকাভুক্ত ঠিকানায় দাখিল করুন।

আয়ের সীমা

যোগ্যতার একটি কারণ হল নীচের সারণি অনুযায়ী আয় ভিত্তিক:

2019 দারিদ্র নির্দেশিকা	
পরিবার/সংসারের সদস্য	বার্ষিক আয়
1	\$12,490
2	\$16,910
3	\$21,330
4	\$25,750
5	\$30,170
6	\$34,590
7	\$39,010
8	\$43,430

8 জনের বেশি মানুষ থাকা পরিবার/সংসারের জন্য: প্রত্যেক অতিরিক্ত ব্যক্তির জন্য যোগ করুন \$4,420।

আর্থিক সাহায্যের জন্য কে যোগ্য হন?

আর্থিক সাহায্যের রাশি নির্ভর করে আপনার আয়, পরিবারের সদস্য সংখ্যা এবং রাষ্ট্রীয় দারিদ্র স্তরের ওপর। যে রোগীদের পারিবারিক আয় রাষ্ট্রীয় দারিদ্র স্তরের 200% বা তার কম তারা 100% মূল্যছাড় পাওয়ার জন্য যোগ্য। যে রোগীদের পারিবারিক আয় রাষ্ট্রীয় দারিদ্র স্তরের 200%-এর বেশি তারা মূল্যছাড় পাওয়ার জন্য যোগ্য হতে পারেন।

নিম্নলিখিত ওয়েবসাইটে নীতিতে দেওয়া বিস্তারিত তথ্য দেখুন:

<http://memorialhermannkingwood.com/financial-assistance-program>

যোগ্য রোগীদের বিমা থাকা রোগীদের জন্য যে অর্থ পরিমাণ সাধারণত বিল করা হয় (AGB)-এর বেশি টাকা দিতে বলা হবে না আপৎকালীন বা অন্য প্রয়োজনীয় চিকিৎসার জন্য।

পরিচয়ের প্রমাণের জন্য নিম্নলিখিত ছবিগুলি গ্রহণ করা হয়:

- রাজ্যের জারি করা ড্রাইভার লাইসেন্স বা পরিচয়পত্র
- বিদ্যার্থী পরিচয়পত্র
- পাসপোর্ট (মার্কিন যুক্তরাষ্ট্রের বা বিদেশী)
- মার্কিন যুক্তরাষ্ট্রের অভিবাসন দলিল
- বিদেশী দূতাবাসের জারি করা পরিচয়পত্র
- ক্রেডিট কার্ড (ফটোসহ)